গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর
প্রশাসন-১ অধিশাখা
৯২-৯৩ মহাখালী বা/এ, ঢাকা-১২১২
www.ddm.gov.bd

# দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তরে অনুষ্ঠিত ডিসেম্বর ২০২৫ মাসের মাসিক সমন্বয় সভার কার্যবিবরণী:

সভাপতি : জনাব রেজওয়ানুর রহমান
মহাপরিচালক, দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর।
স্থান : দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তরের সম্মেলন কক্ষ।
তারিখ : ২৪.১২.২০২৫ খ্রি.
সময় : বেলা: ০৩.০০ ঘটিকা
হাজিরা : পরিশিষ্ট –ক

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। সভার শুরুতেই সভাপতি জানান যে, জেলা ও উপজেলা এবং অধিদপ্তরের কর্মকর্তা/কর্মচারীগণ হতে বহি: বাংলাদেশ মেডিক্যাল ছুটির জন্য প্রয়োজনীয় কাগজপত্রাদি ব্যতিরেকে ত্রুটিযুক্ত আবেদন পাওয়া যায়। বহি: বাংলাদেশ মেডিক্যাল ছুটির জন্য প্রয়োজনীয় কাগজপত্রাদি ও তথ্যসহ আবেদন করার পরামর্শ দেন। এরপর সভাপতি ডি-নথিতে নিস্পত্তিযোগ্য শাখা ভিত্তিক নথির তালিকা অনুযায়ী অন্যান্য সকল শাখার নথিসমূহ ডি-নথিতে দ্রুত নিস্পত্তির পরামর্শ প্রদান করেন এবং ডি-নথির কার্যক্রমের উপর শাখাভিত্তিক পরিসংখ্যান উপস্থাপনের জন্য বলেন। তিনি শাখাভিত্তিক প্রতিমাসে মাসে ডি নথিতে পত্র জারীর সংখ্যা বৃদ্ধি করার জন্য পরিচালকগণকে অনুরোধ জানান। অতঃপর সভাপতির সম্মতিক্রমে উপপরিচালক (প্রশাসন-১) বিগত ২৬.১১.২০২৫ খ্রি.তারিখে অনুষ্ঠিত সভার কার্যবিবরণী সভায় উপস্থাপন করেন। কোন সংশোধনী না থাকায় উপস্থিত সকল সদস্যের মতামতের ভিত্তিতে কার্যবিবরণী দৃঢ়ীকরণ করা হয়।

২. অতঃপর আলোচ্যসূচি অনুযায়ী বিস্তারিত আলোচনাক্রমে নিম্নোক্ত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়।

| আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|
| **১. ডি-নথির পেন্ডিংসহ অন্যান্য পেন্ডিং পত্র দ্রুত নিস্পত্তির বিষয়ে আলোচনা।** | | |
| ডি-নথির পেন্ডিংসহ অন্যান্য পেন্ডিং পত্রসমূহ নিস্পত্তির বিষয়ে অধিক গুরুত্বসহ আলোচনা করা হয়। ডি-নথিতে নিস্পত্তিযোগ্য শাখাভিত্তিক নথি অনুযায়ী শুধু ডি-নথিতে নিস্পত্তির বিষয়ে বিস্তারিত আলোচনা করা হয়। ইতোমধ্যে ডি-নথি'র উপর সংশ্লিষ্ট কর্মকর্তা ও কর্মচারীদেরকে আরো প্রশিক্ষণ দেয়ার বিষয়ে বিস্তারিত আলোচনা করা হয়। বর্তমানে বিভিন্ন উইংয়ে ডি-নথিতে নিস্পত্তিকৃত পত্র সংখ্যা ক্রমান্বয়ে বৃদ্ধির করার বিষয়ে আলোচনা করা হয়। | ডি-নথিতে নিস্পত্তিযোগ্য শাখাভিত্তিক নথিসমূহ ডি-নথিতে নিস্পত্তি করতে হবে এবং পত্র জারীর সংখ্যা ক্রমান্বয়ে বৃদ্ধি করতে হবে। কোন শাখা যেন শূন্য না থাকে সেজন্য ডি নথির মাধ্যমে পত্র নিস্পত্তি করতে হবে। সে বিষয়ে সংশ্লিষ্ট শাখা প্রধানগণ ব্যবস্থা নিবেন। | সংশ্লিষ্ট সকল কর্মকর্তা। |
| **২. বিভাগীয় মোকদ্দমা** | | |
| দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তরের বিভাগীয় মামলার হালনাগাদ তদন্ত বিষয়ে বিস্তারিত আলোচনা করা হয়। সভাপতি জানান যে, সংশ্লিষ্ট তদন্তকারী কর্মকর্তাগণ যেসব তদন্ত প্রতিবেদন দাখিল করেন তাতে সংযুক্ত কাগজপত্রে তদন্ত প্রতিবেদনকারী কর্মকর্তার স্বাক্ষর এবং সুস্পষ্ট মতামত/মন্তব্য থাকে না। | সংশ্লিষ্ট তদন্তকারী কর্মকর্তাগণ যেসব তদন্ত প্রতিবেদন দাখিল করেন তাতে সংযুক্ত কাগজপত্রে তদন্ত প্রতিবেদনকারী কর্মকর্তার স্বাক্ষর এবং সুস্পষ্ট মতামত/মন্তব্য প্রদান করতে হবে। | সংশ্লিষ্ট সকল কর্মকর্তা। |

ক. দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তরে চলমান বিভাগীয় মামলার বিবরণ নিম্নরূপ:

| | | | | | | |
|---|---|---|---|---|---|---|
| ১ | ১৩/২০২১ | জনাব মোঃ আনোয়ারুল ইসলাম সহকারী প্রকৌশলী মুজিব কিল্লা নির্মাণ প্রকল্প | ১ম শ্রেণিতে যোগদান না করা। | একই বিষয়ে মামলা চলমান থাকায় স্থগিত। | বিভাগীয় মামলা দ্রুত নিস্পত্তির লক্ষ্যে নির্ধারিত সময়ের মধ্যে তদন্ত কার্যক্রম সম্পন্ন এবং কোন অভিযোগ পাওয়া গেলে তা নথিতে উপস্থাপন করতে হবে। | উপপরিচালক (প্রশাসন-১/২) ও সহকারী পরিচালক (প্রশাসন-১) |
| ২ | ৩৫/২০২২ | জনাব মোহাম্মদ দেলোয়ার হোসেন পিআইও, নিকলী, কিশোরগঞ্জ | তদন্ত প্রতিবেদন পাওয়া গেছে। | আদেশের অপেক্ষায় | | |
| ৩ | ২/২০২৪ | জনাব মোহাম্মদ আলী পিআইও, দুমকি, পটুয়াখালী | তদন্ত প্রতিবেদন পাওয়া গেছে। | আদেশের অপেক্ষায় | | |
| ৪ | ০৩/২০২৪ | জনাব মোঃ রায়হানুল হক, অফিস সহকারী, পিআইও অফিস, চাটমোহর | তদন্ত প্রতিবেদন পাওয়া যায়নি। | কার্যক্রম চলমান | | |
| ৫ | ০৫/২০২৪ | জনাব লাইয়ুব হোসেন, অফিস সহকারী, পিআইও অফিস গোপালপুর, টাংগাইল | ২য় কারণ দর্শানোর নোটিশ দেয়া হয়েছে তদন্ত প্রতিবেদন পাওয়া গেছে। | ২য় কারণ দর্শনোর নোটিশ জারীর জন্য পিআইও কালীগঞ্জ, গাজীপুরকে অনুলিপি দেয়া হয়েছে। | | |
| ৬ | ০১/২০২৫ | মোঃ মনিরুজ্জামান সরকার, পিআইও, মিঠাপুকুর, রংপুর | তদন্ত প্রতিবেদন পাওয়া গেছে। | যথাযথ প্রক্রিয়ার মাধ্যমে মামলাটি নিস্পত্তি করা হয়েছে। | | |
| ৭ | ০২/২০২৫ | মোঃ তরিকুল ইসলাম, পিআইও, বামনা, বরগুনা | তদন্ত প্রতিবেদন পাওয়া গেছে | অধিকতর তদন্তের জন্য কর্মকর্তা নিয়োগ করা হয়েছে। | | |

| | | | | |
|---|---|---|---|---|
| ৮ | ০৪/২০২৫ | জনাব নাজমুল আরাফুল শাহ, (সাবেক পিআইও, ভালুকা, ময়মনসিংহ) | তদন্ত প্রতিবেদন পাওয়া গেছে | আদেশের অপেক্ষায় |
| ৯ | ০৫/২০২৫ | মোঃ জাহাঙ্গীর আলম, পিআইও প্রধান কার্যালয়ে সংযুক্ত | তদন্ত প্রতিবেদন পাওয়া গেছে | ২য় কারন দর্শানোর নোটিশ দেয়া হয়েছে ৭দিনের মধ্যে জবাব দিতে বলা হয়েছে। |
| ১০ | ০৬/২০২৫ | মোঃ সোহেল রহমান, পিআইও, চিলমারী, কুড়িগ্রাম | তদন্ত প্রতিবেদন পাওয়া যায়নি | কার্যক্রম চলমান |
| ১১ | ০৭/২০২৫ | মোঃ জাহাঙ্গীর হোসেন পিআইও, আজমিরিগঞ্জ, হবিগঞ্জ (সাবেক শিবপুর, নরসিংদী) | তদন্ত প্রতিবেদন পাওয়া যায়নি | কার্যক্রম চলমান |
| ১২ | ৮/২০২৫ | জনাব মোঃ মনসুর রহমান, পিআইও বোয়ালিয়া, রাজশাহী (সাবেক গাংনী, মেহেরপুর | অভিযোগনামার জবাব পাওয়া গেছে। ব্যক্তিগত শুনানী প্রার্থনা করেছেন। | ব্যক্তিগত শুনানী পর তদন্ত কর্মকর্তা নিয়োগ করা হয়েছে। |
| ১৩ | ৯/২০২৫ | জনাব মোসাঃ নাসরিন সুলতানা, পিআইও, কেশবপুর, যশোর (সাবেক বাগেরহাট সদর, বাগেরহাট) | অভিযোগনামার জবাব পাওয়া গেছে। ব্যক্তিগত শুনানী প্রার্থনা করেছেন। | ব্যক্তিগত শুনানী পর তদন্ত কর্মকর্তা নিয়োগ করা হয়েছে। |

খ. মামলাগুলো বিস্তারিতভাবে রেজিস্টারে মামলা নম্বর ও সালসহ হালনাগাদ আছে।

### ৩. বিভিন্ন আদালতে চলমান মামলা

| | | |
|---|---|---|
| দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তরের (মন্ত্রণালয়সহ) চলমান মামলার হালনাগাদ তথ্য নিয়ে বিস্তারিত আলোচনা করা হয়।<br>মোট মামলার সংখ্যা ১৮৭টি। তন্মধ্যে রিট পিটিশন ১২১টি সিপিএলএ ২৩টি, সিএ-০৫টি, কনটেম্পট পিটিশন ১৪টি প্রশাসনিক ট্রাইব্যুনাল ১৩টি, প্রশাসনিক আপিল ট্রাইব্যুনাল ১১টি, মোট ১৮৭টি। বর্তমান মাসে ০১টি নতুন মামলা (রিট পিটিশন নং-১২৪৫১/২০২৫) হয়েছে। কিশোরগঞ্জে বিভিন্ন মন্দির ও সংগঠনের নামে বরাদ্দকৃত চাল আত্নসাতের অভিযোগে মামলা দায়ের করা হয়েছে।<br>নিষ্পত্তি কার্যক্রম চলমান মামলার বাদী: ১. জনাব মো: বাকি বিল্লাহ, সহকারী প্রকৌশলী ও ২. জনাব দিলিপ কুমার সেন। মামলার পরবর্তী তারিখ ০৪/০১/২০২৬। তাদের কাঙ্খিত সহকারী পরিচালক পদে ইতোমধ্যে নিয়োগ দেয়া হয়েছে এবং তারা যোগদান করেছে। উক্ত তথ্য লিখিতভাবে কোর্টে জমা দেয়া হয়েছে।<br>নিয়মিত মামলাসমূহ তদারকি করা হচ্ছে। আইনজীবীগণকে তাগিদ দিয়ে যথাসময়ে কোর্টে হাজিরা নিশ্চিত করা হচ্ছে। প্রতিনিয়ত মামলার হালনাগাদ তারিখ ও করণীয়সহ প্রতিবেদন প্রস্তুত করা হচ্ছে। | (i) প্যানেল আইনজীবীগণের নিকট হতে প্রতি মাসে মামলার তারিখ জানতে হবে এবং মাসিক প্রতিবেদন দাখিল করতে হবে।<br>(ii) জানুয়ারি মাস হতে নিয়মিত প্যানেল আইনজীবীগণের সাথে সভা করতে হবে। | উপপরিচালক (আইন)/ সহকারী পরিচালক (আইন) |

### ৪. বিভিন্ন বাজেট সংক্রান্ত আলোচনাঃ

| | | |
|---|---|---|
| ক) উপপরিচালক (বাজেট/হিসাব) বলেন যে, দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তরের বিভিন্ন খাতে বাজেট বরাদ্দ মোতাবেক সরকারের নির্দেশনা অনুযায়ী খাতওয়ারী ব্যয়ের পরিকল্পণা মতে ব্যয়ের বিষয়ে বিস্তারিত আলোচনা করা হয়। | ক) সংশ্লিষ্ট পরিচালক ও উপপরিচালকগণ দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তরের বিভিন্ন খাতে বাজেট বরাদ্দ মোতাবেক সরকারের নির্দেশনা অনুযায়ী খাতওয়ারী ব্যয়ের পরিকল্পণা মোতাবেক ব্যয়ের প্রয়োজনীয় পদক্ষেপ নিতে হবে | (ক) পরিচালক ও উপপরিচালক (সংশ্লিষ্ট সকল) |
| খ) জনবল নিয়োগ প্রক্রিয়া সম্পন্ন করার জন্য বরাদ্দের বিষয়ে বিস্তারিত আলোচনা করা হয়। | খ) জনবল নিয়োগ প্রক্রিয়া সম্পন্ন করার নিমিত্ত প্রয়োজনীয় অর্থ বরাদ্দের পদক্ষেপ নিতে হবে। | (খ) উপপরিচালক (বা:/হি:) |

| | | |
|---|---|---|
| ৫. অডিট আপত্তি নিষ্পত্তি | | |
| ক) উপপরিচালক (বাজেট/হিসাব) বলেন যে, দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তরের প্রধান কার্যালয়ে প্রকল্প বাদে কেবল রাজস্ব খাতে ১৯৮৩-১৯৮৪ থেকে ২০২৩-২০২৪ পর্যন্ত প্রধান কার্যালয়ের মোট অনিষ্পন্ন অডিট আপত্তি ১৩৩টি। যার মধ্যে ১২১ টি আপত্তির ব্রডশীট জবাব ইতোমধ্যে মন্ত্রণালয়ে প্রেরণ করা হয়েছে। অবশিষ্ট ১২ টি আপত্তির ব্রডশিট জবাব প্রস্তুতের কাজ চলমান রয়েছে।<br>খ) জেলা/ উপজেলা হতে প্রাপ্ত মোট ব্রডশীট জবাব ৮৫টি, নিষ্পত্তির জন্য ৫৬টি মন্ত্রণালয়ে প্রেরণ সংশ্লিষ্ট জেলায় সংশোধনের জন্য ০৫টি ফেরত দেয়া হয়েছে এবং ২৪টি কার্যক্রম চলমান রয়েছে মর্মে উপপরিচালক (বাজেট/হিসাব) সভায় উল্লেখ করেন। ৬৪টি জেলায় অভ্যন্তরীণ অডিট আপত্তিসমূহ নিষ্পত্তির লক্ষ্যে সংশ্লিষ্ট বিভাগের ডিআরআরও এবং পিআইওদেরকে নিয়ে ক্রমান্বয়ে বিভাগওয়ারী সভা/প্রশিক্ষণের আয়োজনের পরিকল্পনা নেয়া হয়েছে। এ পর্যন্ত ৪টি বিভাগের প্রশিক্ষণ কার্যক্রম সম্পন্ন করা হয়েছে। | ক) অডিট আপত্তির ব্রডশীট জবাব দ্রুত প্রস্তুত করে মন্ত্রণালয়ে প্রেরণের ব্যবস্থা করতে হবে।<br>খ) সামাজিক নিরাপত্তার অডিট আপত্তি কতটি ও বিষয়ে জানার জন্য মন্ত্রণালয়কে পত্র দিতে হবে।<br>গ) জেলা/ উপজেলা হতে অডিট আপত্তির ব্রডশীট জবাব পাওয়ার সাথে সাথেই মন্ত্রণালয়ে প্রেরণ নিশ্চিত করতে হবে ও সংশ্লিষ্ট বাকী ০৪টি বিভাগের ডিআরআরও এবং পিআইওদেরকে নিয়ে প্রশিক্ষণের আয়োজন করতে হবে। | ক. উপপরিচালক (১/২/বা:/হি:)<br><br>খ. উপপরিচালক (২/বা:/হি:/ প্রশিক্ষণ) |
| ৬. অব্যবহৃত মালামাল নিষ্পত্তি সংক্রান্তঃ | | |
| অধিদপ্তরের প্রধান কার্যালয়ে বিভিন্ন শাখায়/করিডোরে থাকা অব্যবহৃত আইসিটি মালামাল নিলামে বিক্রির কার্যক্রম অতি দ্রুত সম্পন্ন করার বিষয়ে আলোচনা। | অধিদপ্তরের প্রধান কার্যালয়ে বিভিন্ন শাখায়/করিডোরে থাকা অব্যবহৃত আইসিটি মালামাল নিলামে বিক্রির কার্যক্রম অতি দ্রুত সম্পন্ন করতে হবে। | প্রোগ্রামার/সহকারী প্রকৌশলী (কাবিখা) |
| ৭. সামাজিক নিরাপত্তা কর্মসূচি | | |
| ক. কাবিখা/ কাবিটা : i) পরিচালক (কাবিখা) সভাকে জানান যে, ২০২৫-২০২৬ অর্থবছরের কাবিখা ১ম ও ২য় পর্যায়ে উপজেলাভিত্তিক ১১৩২,৫০,০০,০০০ (এক হাজার একশত বত্রিশ কোটি পঞ্চাশ লক্ষ) টাকা, ৬৭,৫০০ (সাতষট্টি হাজার পাঁচশত) মে.টন চাল ও ৬৭,৫০০ (সাতষট্টি হাজার পাঁচশত) গম সহ সর্বমোট ২১৮২.৮৫,০০,০০০ (দুই হাজার একশত বিরাশি কোটি পঁচাশি লক্ষ) টাকা এবং ১,৩৭,৫০০ (এক লক্ষ সাঁইত্রিশ হাজার পাঁচশত) মে.টন চাল, ১,৩৭,৫০০ (এক লক্ষ সাঁইত্রিশ হাজার পাঁচশত) মে.টন গম বরাদ্দ পেয়ে বরাদ্দপত্রের শর্তমতে উপজেলাওয়ারী বিভাজন করে এবং ফেনী ও কুমিল্লা জেলায় প্রকল্পভিত্তিক বিশেষ ০২টি প্রকল্পে উপবরাদ্দ প্রদান করা হয়েছে। গৃহীত প্রকল্পসমূহ আগামী ৩১ মার্চ ২০২৫ তারিখের মধ্যে প্রকল্প বাস্তবায়নের কাজ দ্রুত সমাপ্ত করার বিষয়ে আলোচনা করা হয়। কাজের অগ্রগতি প্রায় ৬৩%।<br><br>ii) <u>টিআর কর্মসূচিঃ</u> ২০২৫-২০২৬ অর্থবছরের জুলাই ২০২৫ হতে ৩১ ডিসেম্বর ২০২৫ পর্যন্ত ১ম ও ২য় পর্যায়ে উপজেলা ভিত্তিক পৌরসভা, বিভাগীয় কমিশনার, জেলা প্রশাসক ও সিটি কর্পোরেশন খাতে ১০১৮,৬৯,২৫,০০০/- (এক হাজার আঠারো কোটি উনসত্তর লক্ষ পঁচিশ হাজার) টাকা সহ সর্বমোট ২১৩১,৩৫,২৫,০০০/- (দুই হাজার একশত একত্রিশ কোটি পঁয়ত্রিশ লক্ষ পঁচিশ হাজার) টাকা বরাদ্দ পেয়ে বরাদ্দপত্রের শর্তমতে উপজেলাওয়ারী বিভাজন করে এবং চট্টগ্রাম ও নোয়াখালী জেলায় প্রকল্পভিত্তিক বিশেষ ১৩টি প্রকল্পে উপবরাদ্দ প্রদান করা হয়েছে। গৃহীত প্রকল্পসমূহ আগামী ৩১ মার্চ ২০২৫ তারিখের মধ্যে প্রকল্প বাস্তবায়নের কাজ দ্রুত সমাপ্ত করার বিষয়ে আলোচনা করা হয়। কাজের অগ্রগতি প্রায় ৬২%।<br>iii) <u>ইজিপিপি কর্মসূচিঃ</u> ২০২৫-২০২৬ অর্থ বছরে ইজিপিপি কর্মসূচির উপকারভোগী হালনাগাদকরণ বিষয়ক। বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো এর ২০২২ সালের জনশুমারী ও গৃহগণনা তথ্যানুসারে 'অতি দরিদ্রদের জন্য কর্মসংস্থান কর্মসূচি (ইজিপিপি)' এর বাস্তবায়ন নির্দেশিকা মোতাবেক ৪,০০,০০০ (চার লক্ষ) জন উপকারভোগী বিভাজন করলে একটি উপজেলায় সর্বনিম্ন ২১ টি কার্ড প্রাপ্ত হয় যা অপর্যাপ্ত। এতে আরও দেখা যায়, ৫০ টির বেশি উপজেলায় ১০০ টির কম কার্ড প্রাপ্ত হয়। | ক. i) ২০২৫-২০২৬ অর্থ বছরে গ্রামীণ অবকাঠামো সংস্কার (কাবিখা/কাবিটা) কর্মসূচির আওতায় ১ম ও ২য় বরাদ্দপ্রাপ্ত অর্থ ও খাদ্যশস্য সরকারী নীতিমালা ও বরাদ্দপত্রের শর্তমতে যথাযথভাবে উপজেলা ওয়ারী প্রকল্প গ্রহণ ও প্রকল্প তালিকা দ্রুত অনুমোদন করে প্রকল্পের কাজ আরম্ভ করতে হবে এবং আগামী ৩১ মার্চ ২০২৫ তারিখের মধ্যে প্রকল্পের বাস্তবায়নের কাজ দ্রুত সমাপ্ত করার জন্য তাগিদপত্র প্রদান করতে হবে।<br><br>ii) ২০২৫-২০২৬ অর্থ বছরে গ্রামীণ অবকাঠামো রক্ষণাবেক্ষণ(টিআর) কর্মসূচির আওতায় ১ম ও ২য় বরাদ্দপ্রাপ্ত অর্থ সরকারী নীতিমালা ও বরাদ্দপত্রের শর্তমতে যথাযথভাবে উপজেলা ওয়ারী প্রকল্প গ্রহণ ও প্রকল্প তালিকা দ্রুত অনুমোদন করে প্রকল্পের কাজ আরম্ভ করতে হবে এবং আগামী ৩১ মার্চ ২০২৫ তারিখের মধ্যে প্রকল্পের বাস্তবায়নের কাজ দ্রুত সমাপ্ত করার জন্য তাগিদপত্র প্রদান করতে হবে।<br><br>iii) ২০২৫-২০২৬ অর্থ বছরে ইজিপিপি কর্মসূচির উপকারভোগী হালনাগাদ করা প্রয়োজন। বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো কর্তৃক সর্বশেষ প্রকাশিত ২০২২ সালের জনশুমারী ও গৃহগণনা অনুসারে ৬৩ জেলার (কক্সবাজার ব্যতীত) সকল উপজেলায় মোট ৪০০০০০ (চার লক্ষ) জন উপকারভোগীকে উপজেলা ভিত্তিক সর্বনিম্ন উপকারভোগীর সংখ্যা ৩০০ জন এবং সর্বোচ্চ উপকারভোগীর সংখ্যা ৩৫০০ জন ধরে নির্ধারণ করা প্রয়োজন। | পরিচালক (কাবিখা) / উপপরিচালক (কাবিখা -১,২ ও ৩) |
| ০৮. ভিজিএফ ও ঝুঁকিহ্রাস কর্মসূচি:- | | |
| (i) উপপরিচালক (ভিজিডি) জানান যে, ২০২৪-২০২৫ অর্থ বছরে ভিজিএফ কর্মসূচির আওতায় চাল বিতরণে কোন অনিয়ম পাওয়া যায়নি। তিনি আরো জানান | i) ভিজিএফ কর্মসূচির আওতায় খাদ্যশস্য বিতরণে কোন অনিয়ম | পরিচালক (ভিজিডি)/ |

| | | |
|---|---|---|
| যে, ২০২৫-২০২৬ অর্থ বছরে এ পর্যন্ত কোন বরাদ্দ পাওয়া যায়নি।<br>(ii) ঝুঁকিহ্রাস কর্মসূচির আওতায় ঋণ ও অনুদান হিসেবে ৬২টি জেলায় ২০০৩-২০০৪ অর্থবছরথেকে ২০০৬-২০০৭ অর্থবছরে মোট ১৪৫ কোটি ৬৪ লক্ষ ১৭ হাজার টাকা বরাদ্দ দেয়া হয়। এ পর্যন্ত সর্বমোট ৩৭ কোটি ৮৬ লক্ষ ৫০ হাজার ৯৯৬ টাকা আদায় করা হয়েছে। এছাড়া সাময়িক বেকারত্ব মোচন তহবিলের আওতায় ঋণ ও অনুদান হিসেবে ৭টি জেলায় বিগত ২০০৩-২০০৪ অর্থবছরে মোট ৪ কোটি ৫০ লক্ষ টাকা বরাদ্দ দেয়া হয়। এ পর্যন্ত মোট আদায় ১ কোটি ২৮ লক্ষ ৬৬ হাজার ৫৩৭ টাকা। ঝুঁকিহ্রাস কর্মসূচি এবং সাময়িক বেকারত্ব মোচন তহবিলের অনাদায়ী অর্থ আদায়ের জন্য ০৭ (সাত) সদস্য বিশিষ্ট টাস্কফোর্স গঠন করা আছে মর্মে পরিচালক (ভিজিডি) সভায় উল্লেখ করেন। | পাওয়া গেলে দ্রুত ব্যবস্থা গ্রহণ করতে হবে।<br><br>ii) ঝুঁকিহ্রাস এবং বেকারত্ব মোচন তহবিলের অনাদায়ী টাকা আদায়ের ব্যবস্থা জোরদার করতে হবে। | উপপরিচালক (ভিজিডি)<br><br>- |
| ৯. মূল্যায়ন ও পরিবীক্ষণ | | |
| ক) উপপরিচালক (মূ ও প- ২) বলেন যে, সারাদেশে ২০২৪-২০২৫ অর্থ বছরে গ্রামীণ অবকাঠামো সংস্কার (কাবিখা/কাবিটা) ও রক্ষণাবেক্ষণ (টি,আর) কর্মসূচির আওতায় বাস্তবায়িত প্রকল্পের চূড়ান্ত/সমাপ্তি প্রতিবেদন পাওয়া গিয়েছে।<br>খ) তিনি আরো বলেন যে, ২০২৫-২০২৬ অর্থ বছরে গ্রামীণ অবকাঠামো সংস্কার (কাবিখা/কাবিটা) কর্মসূচির আওতায় গৃহীত ও অনুমোদিত প্রকল্পের প্রি-ওয়ার্ক পরিমাপ যাচাইয়ের জন্য ২৮-১০-২০২৫ তারিখে কর্মকর্তা নিয়োগ করতে হয়েছে। কর্মকর্তাগণ কর্তৃক প্রি-ওয়ার্ক যাচাই এর উপর প্রতিবেদন সভায় উপস্থাপনের বিষয়ে আলোচনা করা হয়।<br>গ) গ্রামীণ অবকাঠামো সংস্কার (কাবিখা/কাবিটা) এবং গ্রামীণ অবকাঠামো রক্ষণাবেক্ষণ (টিআর) কর্মসূচির গৃহীত প্রকল্পের মাসিক অগ্রগতির প্রতিবেদন সংগ্রহের বিষয়ে আলোচনা করা হয়। | ক) সারাদেশে ২০২৪-২০২৫ অর্থ বছরে গ্রামীণ অবকাঠামো সংস্কার (কাবিখা/কাবিটা) ও রক্ষণাবেক্ষণ (টি,আর) কর্মসূচির আওতায় বাস্তবায়িত প্রকল্পের চূড়ান্ত/সমাপ্তি প্রতিবেদন উপর পরবর্তী কার্যক্রম গ্রহণ করতে হবে।<br>খ) ২০২৫-২০২৬ অর্থ বছরে গ্রামীণ অবকাঠামো সংস্কার (কাবিখা/কাবিটা) ও রক্ষণাবেক্ষণ (টিআর) কর্মসূচির আওতায় গৃহীত ও অনুমোদিত প্রকল্পের প্রি-ওয়ার্ক পরিমাপ যাচাইয়ের জন্য বিভাগ ও জেলার দায়িত্ব প্রাপ্ত কর্মকর্তাগণকে দ্রুত পরিদর্শন করে প্রতিবেদন দাখিল করার জন্য সিদ্ধান্ত গৃহীত হয়।<br>গ) সকল জেলায় অধিদপ্তর হতে পরিদর্শন/ তদারকি/ মনিটরিং জোরদার এবং ২০২৫-২০২৬ অর্থ বছরে গৃহীত অনুমোদিত প্রকল্পের তালিকা ও গৃহীত প্রকল্পের মাসিক অগ্রগতির প্রতিবেদন ওয়েবসাইটেসহ GPMS শাখায় জমা দিতে হবে এবং কাজের অগ্রগতি/ব্যয় বিবরণী প্রতি মাসে জেলা/উপজেলা হতে সংগ্রহ এবং সভাকে অবহিত করতে হবে। | (ক) উপপরিচালক (প্রশাসন ১)।<br><br>(খ) উপপরিচালক (মূ ও প ১/২)।<br><br>(গ) পরিচালক / উপপরিচালক ১/২ (মূওপ) |
| ১০.ত্রাণ কার্যক্রম | | |
| (ক) সারাদেশে ২০২৫-২০২৬ অর্থবছরে ঢেউটিন ক্রয় জন্য দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয় কর্তৃক ৪৯৫টি উপজেলায় প্রতি উপজেলায় ০২টি পর্যায়ে ৬,০০,০০০/- টাকা হারে ২৯,৭০,০০,০০০/- (উনত্রিশ কোটি সত্তর লক্ষ) টাকা ও কম্বল ক্রয় জন্য ৪৯৫টি উপজেলায় ০৩টি পর্যায়ে সর্বমোট ৫১,০১,৫০,০০০/- (একান্ন কোটি এক লক্ষ পঞ্চাশ হাজার) টাকা এবং শুকনা ও অন্যান্য খাবার ক্রয় জন্য ৪৯৫টি উপজেলায় প্রতি উপজেলায় ৩,০০,০০০/- (তিন লক্ষ) টাকা হারে ১৪,৮৫,০০,০০০/- (চৌদ্দ কোটি পঁচাশি লক্ষ) টাকা বরাদ্দ প্রদান করা হয়। মাঠ পর্যায়ে দ্রুত সময়ের মধ্যে কম্বল, শুকনো ও অন্যান্য খাবার এবং ঢেউটিন ক্রয়ের জন্য নির্দেশনা প্রদান করা হয়েছে।<br>(খ) Rubb Hall Tent ক্রয়ের লক্ষ্যে দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়ের অনুমোদিত স্পেসিফিকেশন মোতাবেক তাঁবুর প্রাক্কলিত বাজার দর নির্ধারন করে দরপত্র আহবানের বিষয়ে আলোচনা করা হয়।<br>(গ) পরিচালক (ত্রাণ) সভাকে অবহিত করেন, বিভিন্ন জেলায় সচল ও অচল নৌযানের সার্বিক তথ্য সংশ্লিষ্ট জেলা হতে সংগ্রহ করার জন্য ১৪/১২/২০২৫খ্রি: তারিখে ৩৪৪ নম্বর স্মারকে জেলায় তাগিদপত্র-২ পত্র দেয়া হয়েছে। এবিষয়ে সভায় বিস্তারিত আলোচনা করা হয়।<br><br>(ঘ) দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তরের মোহাজের সম্পত্তি উদ্ধারের বিষয়ে আলোচনা করা হয়। যে সকল জেলায় মোহাজের সম্পত্তি আছে সে সকল জেলার জেলা ত্রাণ ও পুনর্বাসন কর্মকর্তাদের নিকট হতে হালনাগাদ তথ্য সংগ্রহ জেলা/ উপজেলায় কত জমি অবৈধ দখলে এবং কত জমি সরকারের দখলে আছে সে বিষয়ে তথ্যাদি প্রস্তুতের জন্য সভাপতি অতি গুরুত্ব সহকারে আলোচনা করেন। | (ক) জেলা/ উপজেলা হতে প্রতি মাসে কমপক্ষে ০২(দুই) বার ত্রাণ সামগ্রী মজুদের পাক্ষিক প্রতিবেদন সংগ্রহ করতে হবে।<br>(খ) জেলা/ উপজেলায় দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয় কর্তৃক বরাদ্দকৃত অর্থ দ্বারা কম্বল, শুকনা ও অন্যান্য খাবার, ঢেউটিন দ্রুত ক্রয় করার বিষয়ে যোগাযোগ অব্যাহত রাখতে হবে।<br>(গ) বিভিন্ন জেলায় সচল ও অচল নৌযানের সার্বিক তথ্য সংশ্লিষ্ট জেলা হতে দ্রুত সংগ্রহ করে মন্ত্রণালয়ে প্রতিবেদন প্রেরণ এবং অচল নৌযান নিলাম দেয়ার প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করতে হবে।<br>(ঘ) মোহাজের সম্পত্তি উদ্ধার বিষয়ে অপেক্ষাকৃত ৫টি বড় জেলাতে (যেমনঃ ঢাকা, চট্টগ্রাম, সিলেট, গাজীপুর ও দিনাজপুর) আলাদা সভা করে সুপারিশসহ মোহাজের সম্পত্তি'র সার্বিক চিত্র মন্ত্রণালয়ে প্রেরণ করতে হবে। প্রয়োজনে রেকর্ড সংশোধনের পদক্ষেপ নিতে হবে। মোহাজের সম্পত্তিতে যেন নতুন করে কোন ইমারত বা ভবন নতুন করে তৈরী হতে না পারে। যে সকল বিভাগের মোহাজের সম্পত্তি রয়েছে, সে সকল বিভাগের বিভাগীয় কমিশনারদের সাথে সভা করে সংশ্লিষ্ট জেলা ত্রাণ ও পুনর্বাসন কর্মকর্তার সহায়তায় মন্ত্রণালয়/ অধিদপ্তরের নামে রেকর্ডভুক্ত করণের পদক্ষেপ নিতে হবে। এ লক্ষে ডিআরআরওদের ক্ষমতা বা করনীয় কি তা নির্ধারণের জন্য মন্ত্রণালয়ে পত্র দিতে হবে।<br>(ঙ) ঢাকা জেলার ডেমরায় অবস্থিত মোহাজের সম্পত্তির স্থানটি সরেজমিনে পরিদর্শন অব্যাহত রাখতে হবে। | পরিচালক (ত্রাণ)/ ডিআরআরওগণ<br><br>পরিচালক (ত্রাণ) উপপরিচালক (ত্রাণ-১/২)<br><br>ডিআরআরও, ঢাকা। |

| | | |
|---|---|---|
| **১১.এমআইএম অনুবিভাগের কার্যক্রম** | | |
| ক. সারাদেশের মধ্যে কিশোরগঞ্জ, কুমিল্লা, হবিগঞ্জ জেলায় উল্লেখ যোগ্য লোক বজ্রপাত নিহত হয়েছে। উপজেলাওয়ারী দুর্যোগের ধরণভিত্তিক (যেমন: অগ্নিকান্ড, বজ্রপাত, নৌকাডুবি/ পানিতে ডুবি) ক্ষয়ক্ষতির তথ্যাদি রেজিষ্টারে নিয়মিত সংরক্ষণ করা হয় এবং ২০২৫ সালে জানুয়ারি হতে এ পর্যন্ত ৬৩টি নিহত এবং ২ জন আহত হয়েছে। জেলায় বজ্রপাতে ২৮ জন লোক আহত ও ১২৩ জন লোক মৃত্যুবরণ করেছে মর্মে পরিচালক (এমআইএম) সভাকে অবহিত করেন।<br>খ. অধিদপ্তরের ওয়েবসাইট/ গ্যালারী কাজ নির্ভূলভাবে হালনাগাদ রাখা এবং জেলা/ উপজেলার ওয়েবসাইট ও তথ্য বাতায়ন আপডেট রাখার বিষয়ে আলোচনা করা হয়। | ক) EOD কর্মসূচির প্রশিক্ষন কার্যক্রম দ্রুত সমাপ্ত করতে হবে।<br>খ) উপজেলাওয়ারী দুর্যোগের ধরণভিত্তিক ডাটা (যেমন: অগ্নিকান্ড, বজ্রপাত, নৌকাডুবি/ পানিতে ডুবি) ক্ষয়ক্ষতির তথ্যাদিসহ ইউনিয়ন ভিত্তিক সংরক্ষণ অব্যাহত রাখতে হবে। বিভিন্ন দুর্যোগে বা বজ্রপাতে নিহত মানুষের হালনাগাদ্র তালিকা/তথ্য সংশ্লিষ্ট অধিশাখায় প্রেরণ করতে হবে।<br>গ) অধিদপ্তরের ওয়েবসাইট/জেলা /উপজেলা হতে তথ্য সংগ্রহ করে ওয়েবসাইট সব সময় হালনাগাদ রাখতে হবে। সকল শাখার/ প্রকল্পের হালনাগাদ তথ্য প্রোগ্রামারকে দিতে হবে। জেলা ত্রাণ ও পুনর্বাসন কর্মকর্তা, উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা ও কর্মচারীদের তালিকা বিভাগওয়ারী ওয়েবসাইটে আপলোড করতে হবে। এ জন্য বদলির কপি/ অনুলিপি তাৎক্ষনিকভাবে প্রোগ্রামারকে দিতে হবে।<br>ঘ) সকল জেলা/ উপজেলার ওয়েবসাইট ও তথ্য বাতায়ন সব সময় আপডেট রাখতে হবে।<br>ঙ) ইমারজেন্সি অপারেশন ড্যাশ-বোর্ড তৈরীর বিষয়ে পদক্ষেপ নিতে হবে। | ক. পরিচালক (এমআইএম)/ ও উপপরিচালক (এমআইএম)<br>খ. সংশ্লিষ্ট শাখার কর্মকর্তা ও প্রোগ্রামার<br>গ. পরিচালক (প্রশাসন) ও প্রোগ্রামার<br>ঘ. উপ-পরিচালক (বাজেট/হিসাব) ও প্রোগ্রামার |
| **১২.পরিকল্পনা ও উন্নয়ন অনুবিভাগের কার্যক্রমঃ** | | |
| পরিচালক (পরিকল্পনা ও উন্নয়ন) সভাকে অবহিত করেন যে, চীনা অনুদান সহায়তায় ঢাকায় ০১টি অত্যাধুনিক গুদামঘর এবং চট্রগ্রাম ও সিলেট আরও দুটি আঞ্চলিক Regional Emergency Opeation Center (REOC) কাম গুদামঘর নির্মাণের লক্ষ্যে জেলা প্রশাসক ঢাকা ও চট্রগ্রাম এবং সিলেটকে জমির প্রাপ্যতা সংক্রান্ত তথ্য প্রেরণের জন্য পত্র দেয়া হয়েছে।<br>বন্যা-আশ্রয়কেন্দ্র নির্মাণ (৩য় পর্যায়) প্রকল্প, মাটির রাস্তা এইচবিবিকরণ, ব্রীজ কালভার্ট প্রকল্পসহ এডিপিভূক্ত মোট ০৯টি প্রকল্পের কাজ চলমান রয়েছে এবং ঘূর্ণিঝড় আশ্রয়কেন্দ্র নির্মাণ প্রকল্পটি একনেক সভায় অনুমোদিত হয়েছে। এছাড়া ০৬টি নতুন প্রকল্প গ্রহণের নিমিত্ত ডিপিপি/এডিপিপি প্রস্তুতপূর্বক মন্ত্রণালয়ে প্রেরণ করা হয়। তাছাড়া ২০২৫-২০২৬ অর্থ বছরের এপিএ এর লক্ষ্যমাত্রা অর্জন ও বরাদ্দকৃত অর্থ শতভাগ ব্যয় করার প্রয়োজনীয় উদ্যোগ গ্রহণ করার হয়েছে।<br>(খ) প্রশমন অধিশাখাঃ SOD অনুযায়ী সকল কমিটির সভা সময়মত আহবানের বিষয়ে আলোচনা করা হয়। | (ক) ঢাকায় ০১টি অত্যাধুনিক গুদামঘর এবং চট্রগ্রাম ও সিলেটে আরও দুটি REOC নির্মাণের জন্য জমি প্রাপ্যতা বিষয়ে সংশ্লিষ্ট জেলা প্রশাসকগণের সাথে নিয়মিত যোগাযোগ রাখতে হবে।<br>(খ) সবুজ পাতায় অন্তর্ভূক্ত প্রকল্প সমূহের ডিপিপি/ টিএপিপি দ্রুত পরিকল্পনা কমিশনে প্রেরণের ব্যবস্থা গ্রহণ করতে হবে।<br>(গ) SOD অনুযায়ী সকল কমিটির সভা সময়মত আহবানের ব্যবস্থা গ্রহণ করতে হবে। | পরিচালক (পরিকল্পনা ও উন্নয়ন) |
| **১৩. GPMS বিষয়ে আলোচনা** | | |
| GPMS বিষয়ে কর্মপরিকল্পনার লক্ষ্যমাত্রা অর্জনের বিষয়ে আলোচনা। | ১. পরিচালক (গবেষণা ও প্রশিক্ষণ) সভাকে জানান যে, মন্ত্রণালয় হতে প্রাপ্ত স্মারক মোতাবেক ২০২৫-২০২৬ অর্থ বছর এবং আগামী আরো দুই বছরের GPMS কর্মপরিকল্পনা চাহিত ছক মোতোবেক দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তরের বিভিন্ন অনুবিভাগ হতে প্রাপ্ত (স্বাক্ষরকৃত) পরিকল্পনা ইতোমধ্যে মন্ত্রণালয়ের GPMS টিম লিডার বরাবরে প্রেরণ করা হয়েছে। এ বছর GPMS কর্মপরিকল্পনা কেবলমাত্র প্রতিটি মন্ত্রণালয় সম্পাদন করবে।<br>২. GPMS 'র লক্ষ্যমাত্রা যথাসময়ে যথাযথভাবে অর্জন নিশ্চিত করণের লক্ষ্যে টিআর/ কাবিখা, ত্রাণ, ভিজিএফ, ইজিপিপিসহ সকল উন্নয়ন প্রকল্পের পরিদর্শনের জন্য আদেশকৃত দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তাগণ পরিদর্শন/ মনিটরিং/ কর্মোত্তর জরীপ যাচাই করবেন এবং যাচাই প্রতিবেদন এর কপি সংশ্লিষ্ট পরিচালক এবং প্রকল্প পরিচালকসহ GPMS এর ফোকাল পয়েন্ট কর্মকর্তা বরাবরে দাখিল করবেন। | GPMS টিমলিডার (পরিচালক গবেষণা ও প্রশিক্ষণ) |
| **১৪. গবেষণা ও প্রশিক্ষণ অনুবিভাগের কার্যক্রম** | | |
| (ক) গবেষণা অধিশাখাঃ বিভিন্ন দুর্যোগ ও দুর্যোগ ঝুঁকিহ্রাসে বিভিন্ন উপায় নির্ধারণে অধিকতর গবেষণা করা বিষয়ে আলোচনা।<br>(খ) প্রশিক্ষণ অধিশাখাঃ GPMS কর্ম-পরিকল্পনা এর লক্ষ্যমাত্রা এবং চলমান কার্যক্রম বাস্তবায়ন, অডিট আপত্তি ব্রডশীট জবাব তৈরী, D-Nothi, SOD, Mental health, ক্ষয়ক্ষতি ও চাহিদা নিরুপণ,শুদ্ধাচার, কাবিখা ও টি,আর প্রকল্পের প্রি-ওয়ার্ক/পোষ্ট-ওয়ার্ক পরিমাপ গ্রহণ এবং ও ভূমি ল্যান্ডস্লাইড পরবর্তী উদ্ধার ও অনুসন্ধান, মোহাজের সম্পত্তি রেকর্ড সংক্রান্ত, সঞ্জীবনী, আইসিটি/ই-মেইল পরিচালনা নিমিত্ত প্রশিক্ষণ প্রদান করা হয়েছে। | (ক) গবেষণা অধিশাখাঃ বিভিন্ন দুর্যোগ ও দুর্যোগ ঝুঁকিহ্রাসে বিভিন্ন উপায় নির্ধারণসহ নতুন নতুন আইডিয়া উদ্ভাবনে অধিকতর গবেষণা করে সুনির্দিষ্ট উপায় বের করতে হবে। দুর্যোগ সংক্রান্ত বিষয়ে গবেষণার প্রস্তাবিত প্রস্তাবনা ও গবেষকের নাম তালিকা দ্রুত চূড়ান্ত করে নির্ধারণ করে জমা দিতে হবে। ইতোমধ্যে গবেষণার বিষয়ে যে সব অনুদানে গবেষণা করা হয়েছে। তার সফট কপি আবশ্যিকভাবে Knowledge Portal এ আপ লোডের ব্যবস্থা নিতে হবে।<br>খ) ২০২৫-২০২৬ অর্থ বছরের শুরুতেই পুরো বছরের প্রশিক্ষণ-সূচি মন্ত্রণালয় কর্তৃক অনুমোদিত হয়েছে। প্রশিক্ষণসূচিতে সকল ডিআরও এবং পিআইওকে জেলা/ উপজেলায় দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয় কর্তৃক বরাদ্দকৃত অর্থ দ্বারা কম্বল, ঢেউটিন, শুকনা ও অন্যান্য খাবার, Rubb Hall Tent ক্রয়ের নিমিত্ত পিপিআর ২০২৫ মোতাবেক কর্মকর্তা/কর্মচারীকে প্রশিক্ষণ প্রদান করতে হবে। | ক. উপপরিচালক (গবেষণা)<br>খ.পরিচালক (প্রশিক্ষণ) |

৭

| ৫. বিবিধ | | |
|---|---|---|
| ক) এ অধিদপ্তরের বিভিন্ন রোডে চলাচলকারী গাড়ী সকাল ৯.০০ (নয়) টার মধ্যে অফিসে উপস্থিতির বিষয়ে আলোচনা হয়। | ক) এ অধিদপ্তরের বিভিন্ন রোডে চলাচলকারী গাড়ী সকাল নয়টার (৯.০০) মধ্যে উপস্থিত হওয়ার বিষয়ে পদক্ষেপ নিতে হবে। | ক) প্রোগ্রামার ও সংশ্লিষ্ট শাখা প্রধান |
| খ) এ অধিদপ্তরের চলমান/সম্পাদিত গুরুত্বপূর্ণ কাজ ও অর্জনসমূহ এ অধিদপ্তরের ওয়েবসাইটে তাৎক্ষণিকভাবে আপলোডকরণ বিষয়ে সভায় আলোচনা করা হয়। | খ) এ অধিদপ্তরের চলমান/ সম্পাদিত গুরুত্বপূর্ণ কাজ, জেলা ত্রাণ ও পুনর্বাসন কর্মকর্তা/উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তার পদায়ন ও অর্জনসমূহ এ অধিদপ্তরের ওয়েবসাইটে তাৎক্ষণিকভাবে ছবিসহ আপলোড করে হালনাগাদ রাখতে হবে। | খ) সংশ্লিষ্ট সকল কর্মকর্তা ও কর্মচারী |
| গ) এ অধিদপ্তরে ব্যবহৃত বিদ্যুৎ ও জ্বালানি ব্যয় সাশ্রয়করণ এর বিষয়ে বিস্তারিত আলোচনা করা হয়। তাছাড়া বিদ্যুৎ সংযোগ সবসময় নিরাপদ রাখা এবং বৈদ্যুতিক যন্ত্রাংশ পরীক্ষা-নিরীক্ষা করে নিরাপদ সংযোগের বিষয়ে আলোচনা করা হয়। | গ) সংশ্লিষ্ট রুমে অবস্থানকারী কর্মকর্তা/ কর্মচারীগণ স্ব-স্ব রুম/কক্ষ ত্যাগ করার সময় ফ্যান, লাইট এবং কম্পিউটার এর সুইচ তাঁদের স্ব-উদ্যোগে বন্ধ করবেন। | গ) উপপরিচালক (প্রশাসন-২) |
| ঘ) অফিসিয়াল ই-মেইল এবং বিভিন্ন অ্যাপস ব্যবহার বিষয়ে আলোচনা। | ঘ) অফিসিয়াল ই-মেইল এবং বিভিন্ন অ্যাপস ব্যবহার সর্তকর্তার সাথে ব্যবহার করতে হবে। | ঘ) প্রোগ্রামার ও সংশ্লিষ্ট কর্মকর্তা/ কর্মচারী |
| ঙ) বিভিন্ন দুর্যোগের সময় অধিদপ্তরাধীন কর্মকর্তা ও কর্মচারীদের উপযুক্ত নিরাপত্তার স্বার্থে পরিধানের জন্য অধিদপ্তরের লোগো সম্বলিত নির্ধারিত জ্যাকেট/এ্যাপ্রোন তৈরীকরণ বিষয়ে আলোচনা। | ঙ) বিভিন্ন দুর্যোগের সময় দুর্যোগ স্থলে অধিদপ্তরাধীন কর্মকর্তা ও কর্মচারীদের উপযুক্ত নিরাপত্তার স্বার্থে অধিদপ্তরের লোগো সম্বলিত নির্ধারিত জ্যাকেট/ এ্যাপ্রোন প্রস্তুত ও পরিধানের প্রস্তাবনা বিস্তারিতভাবে সভায় উপস্থাপন করতে হবে। | |

০৩। সভায় আর কোন আলোচনা না থাকায় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

২৮-০২-২০২৬

(রেজওয়ানুর রহমান)
মহাপরিচালক
ফোন: ০২-৫৮৮১৫৪৯৫

স্মারকনং -৫১.০১.০০০০.০০৩.০৬.০৪৩.২৪. তারিখ: .০১.২০২৬ খ্রি.

অনুলিপি: সদয় অবগতি/অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

০১। পরিচালক/ প্রকল্প পরিচালক ..............................(সকল), দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর, ঢাকা।
০২। জেলা প্রশাসক ................................ (সকল),
০৩। উপপরিচালক/ উপপ্রকল্প পরিচালক, ,...................... (সকল), দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর, ঢাকা।
০৪। সচিবের একান্ত সচিব, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়। (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)
০৫। জেলা ত্রাণ ও পুনর্বাসন কর্মকর্তা, ................................................ (সকল)।
০৬। প্রোগ্রামার, দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তরের মাসিক সভার কার্যবিবরণী ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ।
০৭। কমিউনিকেশন মিডিয়া স্পেশালিষ্ট / সহকারী পরিচালক (সকল), দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর, ঢাকা।
০৮। সহকারী প্রকৌশলী/ পিআইও (সকল), দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর, ঢাকা।
০৯। প্রধান ভারপ্রাপ্ত কর্মকর্তা, জরুরি ত্রাণ গুদাম, দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর, ঢাকা।
১০। উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা ,তেজগাঁও সার্কেল, ঢাকা।
১১। কম্পিউটার অপারেটর/ হিসাব রক্ষক/ উচ্চমান সহকারী ................................ (সকল), দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর, ঢাকা।
১২। মহাপরিচালক এর ব্যক্তিগত সহকারী, দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর। (মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)
১৩। অফিস কপি।

(তাসনুভা নাশতারান)
(উপসচিব)
উপপরিচালক (প্রশাসন-১)
ফোন-০২-২২২২৬১৩৩৬০